গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.২০১৫

তারিখ: ২৪/১১/২০২০ খ্রি.

**বিষয় : ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ৫ম এ্যাসাইনমেন্ট (পঞ্চম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) নির্ধারণ করা হয়েছে।**সে প্রেক্ষিতে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পঞ্চম সপ্তাহের এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রেরণ করা হলো।**

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির **পঞ্চম সপ্তাহের এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ)** সকল শিক্ষার্থীদের অবহিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত : এ্যাসাইনমেন্ট (পঞ্চম সপ্তাহের জন্য)**

২৪/১১/২০২০
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. পরিচালক(মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৫. সংরক্ষণ নথি

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:**<br>৫. শতকরা ও ঐকিক নিয়ম<br>৬. অনুপাত, শতকরা ও ঐকিক নিয়ম সংক্রান্ত সমস্যা | **প্রশ্ন: ০১**<br>একটি ফলের দোকান থেকে ২৫০ টি ফজলি আম কিনে আনা হলো। দুইদিন পর ২৫ টি আম পচে গেল এবং একটি আমের দাম ৩০ টাকা।<br>ক) ২৫ টাকা ৭৫ টাকার শতকরা কত?<br>খ) শতকরা কতটি আম ভাল আছে?<br>গ) একটি আম কত টাকায় বিক্রয় করা হলে মোটের উপর ১০% লাভ হবে? | ১. শতকরা ও ঐকিক নিয়ম ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারা। |
| | **তৃতীয় অধ্যায়:**<br>১. পূর্ণ সংখ্যা<br>২. পূর্ণ সংখ্যা<br>৩. সংখ্যা রেখায় পূর্ণ সংখ্যার অবস্থান ও তুলনা<br>৪. চিহ্নযুক্ত সংখ্যার যোগ, বিয়োগ | **প্রশ্ন: ০২**<br>-15,6,11 তিনটি পূর্ণ সংখ্যা<br>ক) -15 এবং 6; (6+5) এবং 11 এর মধ্যে > বা < বা = চিহ্ন বসাও।<br>খ) -(-15) +(-11) +6 এর মান নির্ণয় কর।<br>গ) সংখ্যা রেখার সাহায্যে -15 ও 6 যোগফল এবং 11 ও 6 এর বিয়োগফল নির্ণয় কর। | ২. চিহ্নযুক্ত সংখ্যার যোগ বিয়োগ করতে পারা এবং সংখ্যা রেখার সাহায্যে পূর্ণ সংখ্যার যোগ বিয়োগ করতে পারা। |
| | **চতুর্থ অধ্যায়:**<br>১. বীজ গণিতীয় প্রতীক, চলক, সহগ, সূচকের ব্যবহার | **প্রশ্ন: ০৩**<br>+,−,×,÷ চিহ্নের সাহায্যে লেখ:<br>(ক) x এর সাতগুণ থেকে y এর তিনগুণ বিয়োগ<br>(খ) a ও b এর গুণফল এর সাথে c এর আটগুণ যোগ।<br>(গ) a ও b এর যোগফলকে x থেকে y এর বিয়োগফল দ্বারা ভাগ<br>(ঘ) x কে 9 দ্বারা গুণ করে প্রাপ্ত গুণফলকে 7 দ্বারা গুণ<br>(ঙ) একটি সংখ্যার দ্বিগুণ এর সাথে অপর একটি সংখ্যার তিনগুণ যোগ। | ৩. বীজ গণিতীয় প্রতীক, চলক, সূচক ব্যবহার করে যোগ বিয়োগ গুণ ভাগ করতে পারা। |
| | | **প্রশ্ন: ০৪**<br>একটি খাতার দাম a টাকা ও একটি বইয়ের দাম b টাকা এবং কলমের দাম c টাকা হলে,<br>(i) পাঁচটি কলম ও তিনটি খাতার দাম কত?<br>(ii) দশটি বই ও চারটি খাতার দাম কত?<br>(iii)আটটি খাতা, ছয়টি বই এবং নয়টি কলমের দাম কত? | ৪. বীজ গণিতীয় প্রতীক, চলক, সূচক ব্যবহার কওে সমস্যা সমাধান করতে পারা। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বিজ্ঞান**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th colspan="3">এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr><td rowspan="4">নির্ধারিত কাজ-৩</td><td rowspan="4">অষ্টম অধ্যায়: মিশ্রণ<br>পাঠ ১-২: মিশ্রণ ও দ্রবণ<br>পাঠ ৩-৪: দ্রব ও দ্রাবক<br>পাঠ ৫-৭: সম্পৃক্ত দ্রবণ ও অসম্পৃক্ত দ্রবণ<br>পাঠ ১০-১২: লবনাক্ত পানি হতে লবণের স্ফটিক প্রস্তুতকরণ<br><br>একাদশ অধ্যায়: বল এবং সরল যন্ত্র<br>পাঠ-৩ : সরল যন্ত্র<br>পাঠ ৪: লিভার<br>পাঠ ৫-৬: লিভারের শ্রেণিবিভাগ<br>পাঠ ৭: হাতুড়ি<br>পাঠ ৮-৯: হেলানো তল ও কপিকল</td><td colspan="3">১। এন্টিবায়োটিক সিরাপ ঝাঁকিয়ে খেতে হয় কেন? এই মিশ্রণকে কী বলে?<br>২। দুধ কী জাতীয় মিশ্রণ, ব্যাখ্যা কর।<br>৩। নিচের ছকে ছবিগুলো দেখে i) ও ii) নং এর উত্তর দাও:</td><td rowspan="4">• নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• সরল যন্ত্র চিহ্নিত করার সক্ষমতা<br>• সরল যন্ত্র ব্যবহার করে কীভাবে যান্ত্রিক সুবিধা বাড়ানো যায় তার কৌশল<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• প্রয়োগ ক্ষমতা</td></tr>
<tr><td>সরল যন্ত্র</td><td>i) কোন শ্রেণির লিভার, যুক্তি দাও</td><td>ii) কীভাবে যান্ত্রিক সুবিধা বাড়ানো যায়</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>আদর্শ জীবন চরিত | ১। সমাজে ন্যায় বিচার ও সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে আমরা হযরত উমর (রাঃ) এর খিলাফত থেকে কী কী শিক্ষা লাভ করতে পারি? তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর।<br>২। "প্রজাহিতৈষী হিসেবে একজন মহান শাসকের মূর্ত প্রতীক ছিলেন খলিফা উমর (রাঃ)"-ব্যাখ্যা কর। | ১। বিষয়বস্তুগত জ্ঞান<br>২। নির্ভুল তথ্য ও যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদানের সক্ষমতা<br>৩। নিজস্ব মতামত প্রদানের যোগ্যতা<br>৪। সমস্যা সমাধানের যৌক্তিক বিশ্লেষণের দক্ষতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **ষষ্ঠ অধ্যায়:**<br>ধর্মীয় উপাখ্যানে নৈতিক শিক্ষা | ধর্মীয় নৈতিক শিক্ষামূলক যে কাজটি তুমি চর্চা কর (দেশপ্রেম/ অধ্যাবসায়) তার বর্ণনায় নিচের বিষয়গুলো অন্তর্ভূক্ত করে একটি প্রতিবেদন তৈরি কর।<br>(১) কাজের ধারণা<br>(২) কাজের উদ্দেশ্য<br>(৩) ব্যক্তিগত অভিজ্ঞতা<br>(৪) কাজটি করে তোমার অনুভূতি<br>(৫) কাজের গুরুত্ব | (১) কাজের নাম ও তার ধারণা<br>(২) কাজের উদ্দেশ্যের বর্ণনা<br>(৩) ব্যক্তিগত অভিজ্ঞতা বর্ণনা<br>(৪) অনুভূতির বর্ণনা<br>(৫) কাজের গুরুত্বের বর্ণনা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **ষষ্ঠ অধ্যায়:**<br>চতুরার্য সত্য<br><br>**সপ্তম অধ্যায়:**<br>ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসব<br><br>**দশম অধ্যায়:**<br>বাংলাদেশের বৌদ্ধ ঐতিহ্য ও দর্শনীয় স্থান | **সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। চতুরার্য সত্য কয়টি ও কি কি?<br>২। বুদ্ধের জন্মস্থানের বর্তমান নাম কোনটি হয়েছে?<br>৩। বৌদ্ধ পূর্ণিমায় বৌদ্ধরা কি কি করে থাকে?<br>৪। বাংলাদেশের বৌদ্ধ ঐতিহ্য ও দর্শনীয় স্থানের নামগুলো লিখ। | • প্রশ্নের ধরণ অনুযায়ী উত্তর প্রদান<br>• উত্তরের যথার্থতা<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• অনুধাবন ও প্রয়োগ দক্ষতা<br>• যুক্তি প্রয়োগ<br>• মতামত প্রদান ক্ষমতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মুল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>ঈশ্বরের আহ্বানে ইসাইয়ার সাড়াদান<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>মুক্তিদাতা যীশুর জন্ম ও শৈশব<br><br>**নবম অধ্যায়:**<br>সত্যবাদিতা, শৃংখলা ও সেবা। | **বর্ণনামূলক প্রশ্ন :**<br>১। শয়তানের প্রলোভনে কিভাবে মানুষের পতন ঘটেছিল ব্যাখ্যা কর।<br>২। পাপের প্রলোভন জয় করার উপায় বর্ণনা কর।<br>৩। মানুষের প্রতি ঈশ্বরের আহ্বানের অর্থ ব্যাখ্যা কর।<br>৪। মুক্তিদাতা যীশুর জন্মের তাৎপর্য লিখ।<br>৫। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সত্যবাদিতার গুরুত্ব বর্ণনা কর।<br>৬। পরিবার, সমাজ; মন্ডলী ও রাষ্ট্রে সেবার গুরুত্ব ব্যাখ্যা কর। | • উত্তর দানের ধরণ ঠিক আছে কী-না<br>• বিষয়বস্তুর গভীরতা কতটুকু<br>• গাছ লাগানোর গুরুত্ব অনুধাবন করেছে কী-না<br>• শিক্ষার্থীরা পাঠ্যপুস্তকের আলোকে লিখেছে কী-না<br>• শিক্ষকগণ শিক্ষার্থী প্রদত্ত উত্তরের মধ্যে জ্ঞান, অনুধাবন, উচ্চতর ও প্রয়োগ দক্ষতার ধাপ অনুসরণ করেছে কী-না মূল্যায়ণ করবেন। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:**<br>সমানুপাত ও লাভ-ক্ষতি<br><br>**তৃতীয় অধ্যায়:**<br>পরিমাপ<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>বীজ গণিতীয় ভগ্নাংশ | **সৃজনশীল প্রশ্ন:**<br>১। কাপড় ব্যবসায়ী আমীন ও সজল যথাক্রমে ৪ ঘন্টায় ৫০ কি: মি: ও $৩\frac{১}{২}$ ঘন্টায় $৫২\frac{১}{২}$ কি: মি: পথ অতিক্রম করে নারায়ণগঞ্জ পৌছল। ব্যবসায় তারা ২,২০,০০০ টাকা বিনিয়োগ করে ১০% লাভ পেল এবং লভ্যাংশ তাদের গতিবেগের অনুপাতে ভাগ হলো।<br>(ক) সজলের ঘণ্টায় গতিবেগ নির্ণয় কর।<br>(খ) আমীন ও সজলের গতিবেগের অনুপাত বের কর।<br>(গ) আমীন ও সজল প্রত্যেকে কত টাকা লভ্যাংশ পেয়েছে তা নির্ণয় কর।<br><br>২। তিনটি বীজগণিতীয় ভগ্নাংশ হলো $\frac{a}{a^2+a-2}, \frac{2}{a^2+3a+2}, \frac{a}{a^2-1}$<br>(ক) প্রথম ভগ্নাংশের হরকে উৎপাদকে বিশ্লেষণ কর।<br>(খ) ভগ্নাংশ তিনটির হরের ল. সা.গু. নির্ণয় কর।<br>(গ) দ্বিতীয় ও তৃতীয় ভগ্নাংশের যোগফল থেকে প্রথম ভগ্নাংশটি বিয়োগ কর।<br><br>**সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। ২ মাইল এবং ৩ কিলোমিটারের পার্থক্য কত মিটার?<br>২। একটি ঘনকের একটি তলের পরিসীমা ১২ মিটার হলে এর আয়তন কত?<br>৩। একটি গ্লাসে ২৫০ মিলিলিটার পানি ধরে। এরুপ ২৫টি গ্লাসের পানি দ্বারা একটি পানির পাত্র সম্পূর্ণরুপে ভরা যায়। পাত্রটিতে কত লিটার পানি ধরে?<br>৪। সরকারি ব্যবস্থাপনায় প্রতিদিন ৮ ঘন্টা করে ট্রাকে চাল বিক্রি করা হয়। গড়ে প্রতি ঘন্টায় ২৮০ কেজি ৫০০ গ্রাম চাল বিক্রি করা হলে প্রতিদিন কত মেট্রিক টন চাল বিক্রি করা হয়?<br>৫। তোমার পড়ার টেবিলের প্রস্থ ২ ফুট এবং দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। টেবিলটির উপরি তলের ক্ষেত্রফল কত?<br>৬। জনাব চৌধুরী প্রতিদিন প্রাতঃভ্রমণের জন্য তার আয়তাকার বাগানের চারদিকে চার চক্কর দেন। তার বাগানটির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং বাগানটির দৈর্ঘ্য ১২০ মিটার। প্রাতঃভ্রমণে তিনি কত কিলোমিটার হাঁটেন?<br>৭। অনু তার খাতায় একটি সামান্তরিক এঁকে মেপে দেখল যে, এর ভূমি ৭.৫ সেন্টিমিটার এবং উচ্চতা ৪.২৫ সেন্টিমিটার। অনুর আঁকা সামান্তরিকটির ক্ষেত্রফল কত?<br>৮। একটি ত্রিভুজের ভূমি ৬ সেন্টিমিটার ৫০ মিলিমিটার এবং উচ্চতা ৪০০ মিলিমিটার এর ক্ষেত্রফল কত বর্গসেন্টিমিটার?<br>৯। ৭ কিলোমিটার ৭ সেন্টিমিটার = কত মিটার?<br>১০। উত্তর মেরু থেকে বিষুবরেখা পর্যন্ত দূরত্বের কত ভাগের এক ভাগকে এক মিটার বলে? | ১। অনুপাত ও লাভ ক্ষতির ধারণা ব্যবহার করে সমস্যার সমাধান করতে পারা।<br><br>২। বীজ গণিতীয় ভগ্নাংশের যোগ বিয়োগ করতে পারা।<br><br>**সক্ষিপ্ত প্রশ্ন:**<br>পরিমাপের বিভিন্ন একক ব্যবহার করে পরিমাপ করতে পারা। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: বিজ্ঞান

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **নবম অধ্যায়:**<br>তাপ ও তাপমাত্রা<br>আদ্রতা ও বায়ুচাপের উপর তাপমাত্রার প্রভাব<br>তাপমাত্রার পরিমাপ<br>তাপ সঞ্চালন | **প্রশ্ন ১:** লাবিব একটি লৌহ দন্ড নিয়ে তার একপ্রান্তে মোমবাতির সাহায্যে উত্তপ্ত করল। কিছুক্ষন পর সে দেখল দন্ডটির অপর প্রান্ত গরম হয়ে গেছে এবং থার্মোমিটারের সাহায্যে মেপে দেখল তাপমাত্রা ৫০ ডিগ্রী সেলসিয়াস।<br>ক) তাপ সঞ্চালন কাকে বলে ?<br>খ) তাপমাত্রা বাড়লে বায়ুমন্ডলের চাপ কমে যায় কেন?<br>গ) দন্ডের তাপমাত্রা ফারেনহাইট স্কেলে নির্ণয় কর।<br>ঘ) উদ্দীপকের আলোকে বস্তুতে কোন পদ্ধতিতে তাপ সঞ্চালিত হয়েছে? বিশ্লেষণ কর।<br>**সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। গরম হ্যারিকেনের চিমনিতে ঠান্ডা পানি পড়লে চিমনি ফেটে যায় কেন? | • নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• তাপমাত্রা ফারেনহাইট স্কেলে নির্ণয়ের দক্ষতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
| --- | --- | --- | --- |
| নির্ধারিত কাজ-২ | চতুর্থ অধ্যায়: আখলাক | জনাব 'ক' নিয়মিত মার্জিত বেশভূষায় অফিসে আসা-যাওয়া করেন। সহকর্মী ও সেবাগ্রহনকারী সবাই তার ব্যবহারে মুগ্ধ। তার সহকর্মী জনাব 'খ' তার এলাকার অসুস্থ-পীড়িত পশু-পাখি, বিরান-বিপন্ন গাছ-গাছালির পরিচর্যার জন্য একটি বহুমুখী ইনস্টিটিউশন পরিচালনা করেন।<br>গ. জনাব 'ক' এর মধ্যে আখলাকে হামিদাহর কোন গুণটি বিদ্যামান? ব্যাখা কর।<br>ঘ. জনাব 'খ' এর কার্যক্রমটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। | • বিষয়বস্তুগত জ্ঞান<br>• নির্ভূল তথ্য ও যুক্তিসঙ্গত ব্যাখা প্রদানের সক্ষমতা<br>• উদ্দীপকের আলোকে দক্ষতার স্তর নিরুপন ও পাঠ্যবইয়ের বিষয়ের সাথে সামঞ্জস্য বিধানের পারঙ্গমতা<br>• সৃজনশীল প্রশ্নের উচ্চতর দক্ষতা নিরুপন ও প্রাসঙ্গিক ক্ষেত্রে যৌক্তিক বিশ্লেষন করার দক্ষতা |

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>দেব-দেবী ও পূজাপার্বণ | নিচের বিষয়গুলো অন্তর্ভূক্ত করে লক্ষ্মীপূজার একটি প্রতিবেদন তৈরি কর-<br>(১) পূজার স্থান<br>(২) দেবীর প্রতিমা<br>(৩) উপাচারসমূহ<br>(৪) পূজা পদ্ধতি<br>(৫) পুষ্পাঞ্জলির মন্ত্র<br>(৬) লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব | (১) পূজার স্থানের বর্ণনা<br>(২) দেবী প্রতিমার বর্ণনা<br>(৩) উপাচারসমূহের নাম<br>(৪) পূজা পদ্ধতির বর্ণনা<br>(৫) পুষ্পাঞ্জলির মন্ত্র<br>(৬) ব্যক্তি জীবনে লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাবসমূহ |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **চতুর্থ অধ্যায়:**<br>দান অনুষ্ঠান পরিচিতি<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>আর্য অষ্টাঙ্গিক মার্গগুলো<br><br>**নবম অধ্যায়:**<br>জাতকের উৎপত্তি ও গঠন শৈলী<br>দশম অধ্যায় | **সংক্ষিপ্ত উত্তর দাও:**<br>১. বৌদ্ধদের দান অনুষ্ঠানগুলো লিখ।<br>২. আর্য অষ্টাঙ্গিক মার্গগুলোর মধ্যে সম্যক দৃষ্টি ও সম্যক সংকল্প ব্যাখ্যা কর।<br>৩. জাতকের গঠন শৈলী লিখ।<br>৪. নালন্দা নামের উৎপত্তি সম্পর্কে লিখ। | • বিষয়বস্তু সম্পর্কে জ্ঞান<br>• প্রশ্নের নির্দেশনা অনুযায়ী ধারাবাহিক উত্তর।<br>• শব্দ ও বাক্য ব্যবহারের ক্ষমতা<br>• যুক্তি ও তথ্য প্রদানের ক্ষমতা।<br>• নিজস্ব মত প্রকাশের ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা অনুধাবনের যোগ্যতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **চতুর্থ অধ্যায়:**<br>পাপ<br><br>**পঞ্চম অধ্যায়:**<br>মুক্তিদাতা যীশুর জীবন ও কাজ<br><br>**নবম অধ্যায়:**<br>ক্ষমা, সহনশীলতা ও দেশপ্রেম | ১. দীক্ষাগুরু যোহন কর্তৃক যীশুর দীক্ষা স্নান সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দাও।<br>২. ক্ষমা সম্পর্কে যীশুর শিক্ষাসমূহ কী?<br>৩. সহনশীলতা বলতে কী বুঝায়?<br>৪. মা-মাটি-মাতৃভূমি বলতে কী বুঝানো হয়েছে? | • বিষয়বস্তুর সাথে বাস্তব জীবনের সংযোগ সাধন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: গণিত**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr>
<td>নির্ধারিত কাজ-২</td>
<td>
চতুর্থ অধ্যায়:<br>
• বীজগণিতীয় সূত্রাবলী।<br>
• উৎপাদকে বিশ্লেষণ।<br>
• $x^2+px+q$ আকারের রাশির উৎপাদক।<br>
• $ax^2+bx+c$ আকারের রাশির উৎপাদক।<br>
• বীজগণিতীয় রাশির ল.সা.গু ও গ.সা.গু।<br>
<br>
একাদশ অধ্যায়:<br>
• গাণিতিক গড়।<br>
• মধ্যক।<br>
• প্রচুরক।<br>
• লেখচিত্র।<br>
• পাইচিত্র।<br>
<br>
পঞ্চম অধ্যায়:<br>
• ভগ্নাংশের লঘিষ্ঠকরণ।<br>
• ভগ্নাংশের যোগ।<br>
• ভগ্নাংশের বিয়োগ।<br>
• ভগ্নাংশের গুণ।<br>
• ভগ্নাংশের ভাগ।<br>
<br>
সপ্তম অধ্যায়:<br>
• সেট প্রকাশের পদ্ধতি।<br>
• সেটের প্রকারভেদ।<br>
• উপসেট।<br>
• সেট প্রক্রিয়া।
</td>
<td>
সৃজনশীল প্রশ্ন:<br>
১। $a+\frac{1}{a}=5$ একটি বীজগণিতীয় রাশি।<br>
ক. $a-\frac{1}{a}$ এর মান কত?<br>
খ. $a^4+\frac{1}{a^4}$ এর মান নির্ণয় কর?<br>
গ. প্রমাণ কর যে, $a^3+\frac{1}{a^3}=110$<br>
২। $ax^2+(a^2+1)x+a$ , $x^2y(x^3-y^3)$, $x^2y^2(x^4+x^2y^2+y^4)$, $x^3y^2+x^2y^3+xy^4$ চারটি বীজগণিতীয় রাশি।<br>
ক. ১ম রাশির উৎপাদকে বিশ্লেষণ কর।<br>
খ. ২য়, ৩য় এবং ৪র্থ রাশির গ.সা.গু. নির্ণয় কর।<br>
গ. ২য়, ৩য় এবং ৪র্থ রাশির ল.সা.গু. নির্ণয় কর।<br>
<br>
প্রশ্ন: ৩. একটি পরিবারের বিভিন্ন খাতে মাসিক খরচের এর সারণি:<br>
<table>
<tr><td>খরচের খাত(মাসিক)</td><td>মোবাইল রিচার্জ</td><td>অতিথি আপ্যায়ন</td><td>যাতায়াত</td><td>ঔষধ ক্রয়</td><td>শিক্ষা সামগ্রী ক্রয়</td></tr>
<tr><td>টাকার পরিমাণ</td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>গনসংখ্যা(জন)</td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
ক) সারণিটি পূর্ণ কর (তোমার নিজের পরিবারের আলোকে)<br>
খ) সারণি থেকে মধ্যক নির্ণয় কর।<br>
গ) সারণি থেকে আয়তলেখ আঁক।<br>
আয়তলেখ হতে তোমার নিজের পরিবারের খরচের কোন খাতে সবচেয়ে বেশি ব্যয় হয়েছে এবং কেন?<br>
<br>
সংক্ষিপ্ত প্রশ্ন:<br>
১। $\frac{x^2-6x+5}{x^2-25}$ রাশিকে লঘিষ্ঠ আকারে প্রকাশ কর।<br>
২। $\frac{a-b}{a}+\frac{a+b}{b}=$ কত?<br>
৩। $\frac{1}{x-y}-\frac{x^2-xy+y^2}{x^3+y^3}=$ কত?
</td>
<td>
১. বীজগণিতীয় সূত্রাবলী প্রয়োগ করে সমস্যার সমাধান করতে পারা।<br>
<br>
২. বীজগণিতীয় রাশির ল.সাগু ও গ.সা.গু নির্ণয় করতে পারা।<br>
<br>
৩.আয়তলেখ তৈরি করে ব্যাখ্যা করতে পারা।<br>
<br>
সক্ষিপ্ত প্রশ্ন:<br>
ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারা।<br>
সেটের ধারণা ব্যাখ্যা করতে পারা।
</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | ৪। $\frac{10x^5b^4z^3}{3x^2b^2z} \times \frac{15y^5b^2z^2}{2y^2a^2x} =$ কত?<br>৫। $\frac{a^2-b^2}{a^2+ab+b^2} \div \frac{a+b}{a^3-b^3} =$ কত?<br>৬। সেট কাকে বলে?<br>৭। সেট প্রকাশের তালিকা পদ্ধতি বলতে কি বুঝায়?<br>৮। $A = \{1, 2, 3\}$ এর উপসেট কয়টি ও কী কী?<br>৯। $Q = \{x: x, 42$ **এর সকল গুণনীয়ক**$\}$ সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকা কর।<br>১০। $P = \{2, 3, 4\}$ এবং $Q = \{1, 3, 5\}$ হলে, $P \cup Q$ *এবং* $P \cap Q$ নির্ণয় কর। | |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মুল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **সপ্তম অধ্যায়:** পৃথিবী ও মহাকর্ষ<br>পাঠ-২ ও ৩<br>পাঠ-৬<br>**একাদশ অধ্যায়:** আলো<br>পাঠ-১ আলোর প্রতিসরণ<br>পাঠ-৪-৫ প্রতিসরণের বাস্তব প্রয়োগ<br>পাঠ-৬-৭ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলণ | ১) পৃথিবীর বিভিন্ন স্থানে অভিকর্ষজ ত্বরণ বিভিন্ন হয় কেন- ব্যাখ্যা কর।<br>২) পৃথিবীতে তোমার ভর ৫০ কেজি চাঁদে তোমার ওজন কমে যায় কেন ব্যাখ্যা কর।<br>৩) একটি চকচকে কাঁচের গ্লাসে কিছু পানি নাও। এবার গ্লাসের মধ্যে একটি পাথর ফেলে দাও। এবার নিচের কাজগুলো কর।<br>I) গ্লাসের উপর দিয়ে পাথরটিকে সরাসরি দেখার চেষ্টা কর।<br>II) কিছুটা তির্যকভাবে পাথরটিকে দেখার চেষ্টা কর।<br>III) গ্লাসে যে পর্যন্ত পানি আছে তার একটু নিচ থেকে দেখার চেষ্টা কর। তিনটি ক্ষেত্রে কী ঘটছে ও কেন ঘটছে? ব্যাখ্যা কর। | • নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• প্রয়োগ ক্ষমতা |

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | চতুর্থ অধ্যায়:<br>আখলাক | **উদ্দীপকটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও:**<br>জনাব নকীব স্বীয় উদ্যোগে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য এলাকার কতিপয় বন্ধুদের নিয়ে প্রতি শুক্রবার রাস্তাঘাট মেরামত ও সংস্কার করেন। অন্যদিকে তাঁর এক বন্ধু নাবিল তাঁর এ কাজগুলোতে অংশ না নিয়ে বরং বলেন, নকীব সাহেব নেতা হওয়ার জন্য এসব করছেন।<br><br>গ. নকীব সাহেবের মাঝে ইসলামের কোন সেবার বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর।<br>ঘ. ইসলামের দৃষ্টিতে কায়েসের দৃষ্টিভঙ্গি কীসের পরিচায়ক? আলোকপাত কর। | • বিষয়বস্তুগত জ্ঞান<br>• নির্ভুল তথ্য ও যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদানের সক্ষমতা<br>• সৃজনশীলতা সম্পর্কে সম্যক দক্ষতা<br>• প্রয়োগ ও উচ্চতর দক্ষতায় যৌক্তিক ও বস্তুনিষ্ঠ জ্ঞানের পারঙ্গমতা<br>• আল কুরআন ও সুন্নাহর প্রাসঙ্গিক উদ্ধৃতি প্রদানের দক্ষতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | চতুর্থ অধ্যায়:<br>নিত্যকর্ম ও যোগাসন | গোমুখাসন বাসায় অনুশীলন কর এবং তার আলোকে নিচের বিষয়গুলো অন্তর্ভূক্ত করে একটি প্রতিবেদন তৈরি কর।<br>(১) গোমুখাসনের ধারণা<br>(২) গোমুখাসনের অনুশীলন পদ্ধতি<br>(৩) শরীরের উপর গোমুখাসনের প্রভাব | (১) গোমুখাসনের ধারণার বর্ণনা<br>(২) গোমুখাসনের অনুশীলন পদ্ধতির বর্ণনা<br>(৩) শরীরের উপর গোমুখাসনের প্রভাব বর্ণনা |

### কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** | **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **সপ্তম অধ্যায়:**<br>ধর্মীয় আচার-অনুষ্ঠান ও উৎসব<br><br>**দশম অধ্যায়:**<br>বৌদ্ধ তীর্থস্থান | **সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। প্রব্রজ্যা কি?<br>২। প্রব্রজ্যা গ্রহণের নিয়মগুলো ব্যাখ্যা কর।<br>৩। প্রব্রজ্যা প্রার্থনাটি পালি বা বাংলায় লিখ।<br>৪। প্রব্রজ্যা গ্রহণের যে কোন ২টি সুফল উল্লেখ কর।<br>৫। মহাতীর্থ কি?<br>৬। চারি মহাতীর্থস্থান সম্পর্কে সংক্ষিপ্ত লিখ। | • প্রশ্নের নির্দেশনা অনুযায়ী উত্তর হয়েছে কী-না<br>• উত্তরের ধরণ যথাযথ কী-না<br>• বিষয়বস্তু সম্পর্কে জ্ঞান<br>• শব্দ ও বাক্য প্রয়োগের যথার্থতা<br>• নির্ভুল বানান<br>• যুক্তি প্রদর্শন ক্ষমতা<br>• নিজস্ব মতামত প্রদান |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** | **বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>যীশুর বাণী প্রচারের মূলভাব।<br><br>**সপ্তম অধ্যায়:**<br>যীশুর আশ্চর্য কাজ ও ঐশরাজ্য<br><br>**নবম অধ্যায়:**<br>খ্রীষ্টমন্ডলী | **সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>১। যীশুর অষ্ট কল্যাণ বাণীগুলো কী কী?<br>২। ঈশ্বর মানুষকে পুরুষ ও নারী করেছেন কেন?<br>৩। ঐশ্বরাজ্য বিস্তারের জন্য তুমি কীভাবে যীশুর আহ্বান শুনতে পাও লিখ?<br>৪। ঈশ্বর ও মানুষের ন্যায্যতার সম্পর্ক লিখ। | শিক্ষকগণ নিম্নলিখিত বিষয়গুলো আলোকপাত করবেন-<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• প্রশ্নের উত্তরের যথার্থতা<br>• উত্তরের ধারবাহিকতা<br>• প্রয়োগ দক্ষতা<br>• যুক্তি উপস্থাপন<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• মতামত প্রদান ক্ষমতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: বাংলা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
| --- | --- | --- | --- |
| নির্ধারিত কাজ-২ | পল্লিসাহিত্য | পল্লিসাহিত্যের ৫টি উপাদানের নাম উল্লেখ করে তোমার পছন্দের যে কোনো ২টি উপাদান সম্পর্কে ১০টি করে বাক্য লেখ। | • পল্লিসাহিত্যের ৫টি উপাদানের নাম উল্লেখ করতে হবে।<br>• ২টি উপাদানের ১০টি করে বাক্য উল্লেখ করতে হবে।<br>• বাক্যগঠন ও বানান শুদ্ধভাবে লিখতে হবে। |

## Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19, 2020

**Class: 9** **Subject: English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| **3rd Assigned Task** | **Grammar:** Changing Sentences(The Passive) | HW: Activity 3 (Page No.- 183, 184) | Grammar, spelling |
| | **Formal Letter** | Suppose, you are Lima/Limon. You are a student of class nine in Sreepur Kumaria High School, Sreepur. In your school, you don't have any supply of safe drinking water. Now, write an application to your Headteacher to arrange safe drinking water for the students. | Teacher will check students' ability to use content, grammar, spelling, punctuation, vocabulary, communication. |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: পদার্থ বিজ্ঞান

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **পঞ্চম অধ্যায়:**<br>পদার্থের অবস্থা ও চাপ | ২। $400cm^3$ আয়তনের একটি বস্তুর বাতাসের ওজন 19.6 N। পানিতে নিমজ্জিত করলে বস্তুটির ওজন হয় 15.68N। পরীক্ষণীয় স্থানের অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8m/s^2$।<br>(ক) প্যাসকেলের সূত্র বিবৃত কর।<br>(খ) নির্দিষ্ট গভীরতায় চাপ তরলের প্রকৃতির উপর নির্ভরশীল- ব্যাখ্যা কর।<br>(গ) উদ্দীপকের বস্তুটির ঘনত্ব নির্ণয় কর।<br>(ঘ) উদ্দীপকের তথ্যটি আর্কিমিডিসের নীতিকে সমর্থন করে কিনা- গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। | (ক) প্যাসকেলের সূত্রটি সঠিকভাবে লিখতে পারা।<br>(খ) সঠিক সূত্রের আলোকে ব্যাখ্যা করতে পারা।<br>(গ) সঠিক সূত্র লিখে বস্তুটির ঘনত্ব নির্ণয় করতে পারা।<br>(ঘ) উদ্দীপকের আলোকে বস্তু কর্তৃক হারানো ওজন ও অপসারিত তরলের ওজন নির্ণয়পূর্বক সঠিক মতামত প্রদান করতে পারা। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: ভূগোল ও পরিবেশ

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **চতুর্থ অধ্যায়:**<br>পৃথিবীর অভ্যন্তরীন ও বাহ্যিক গঠন<br><br>**সপ্তম অধ্যায়:**<br>জনসংখ্যা | ১। ভূমিকম্প ও আগ্নেয়গিরি কাকে বলে? ভূমিকম্প ও আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের কারণ ও ফলাফল বর্ণনা কর।<br><br>২। স্থূল জন্মহার নির্ণয়ের পদ্ধতি লিখ। জনসংখ্যা ক্রমাগত বৃদ্ধি পেলে প্রাকৃতিক সম্পদের উপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব বিশ্লেষণ কর। | • ভূমিকম্প ও আগ্নেয়গিরি সম্পর্কে জ্ঞান<br>• ভূমিকম্প ও আগ্নেয়গিরি সম্পর্কে পরিপূর্ণ ব্যাখ্যা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• ভূমিকম্প ও আগ্নেয়গিরি সম্পর্কে ভৌগলিক ব্যাখ্যার সমন্বয়<br><br>• স্থূল জন্মহার নির্ণয়ের পদ্ধতি সম্পর্কে জ্ঞান<br>• নির্ভুল তথ্য প্রদান<br>• জনসংখ্যা ক্রমাগত বৃদ্ধি ও প্রাকৃতিক সম্পদের উপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব সম্পর্কে নিজস্ব মতামত প্রদানের সক্ষমতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: হিসাববিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **চতুর্থ অধ্যায়:**<br>মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>জাবেদা | ক) নিম্নলিখিত লেনদেনগুলো হতে মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় লেনদেন চিহ্নিত করে পাঠ্যপুস্তকে প্রদত্ত ছক ও নিয়ম অনুসারে কারণ ব্যাখ্যা কর।<br>১. ব্যবসায়ের জন্য মেশিন ক্রয় ৫০,০০০ টাকা<br>২. অগ্রিম দোকান ভাড়া প্রদান ২০,০০০ টাকা<br>৩. বিক্রয়ের উদ্দেশ্যে গাড়ী ক্রয় ১,০০,০০০ টাকা<br>৪. ক্রীত মেশিনের সংস্থাপন ব্যয় প্রদান ৫,০০০ টাকা<br>৫. বাকিতে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা<br><br>খ) নিম্নলিখিত লেনদেনগুলো "শাপলা ফ্যাশনস" এর সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর:<br>২০২০ সালের ১ মার্চ মি. রুবাইয়াত নগদ ২০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকার তৈরি পোশাকসহ "শাপলা ফ্যাশনস" এর কার্যক্রম শুরু করেন।<br>মার্চ-২, ব্যাংকে ১০,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলেন।<br>মার্চ-১০, ৫ ডজন থ্রি পিছ ও ২ ডজন শাড়ি বাকিতে ক্রয় ৪০,০০০ টাকা।<br>মার্চ-১০, প্রতিটি ১,০০০ টাকা করে ২ ডজন থ্রি পিছ নগদে বিক্রয়।<br>মার্চ-২০, ব্যক্তিগত প্রয়োজনে মালিক উত্তোলন করেন ২,০০০ টাকা। | ক) লেনদেনের ধরণ ও কারণের সঠিকতা যাচাইপূর্বক মন্তব্য প্রদান।<br><br>খ) সাধারণ জাবেদার সঠিক ছক ও শিরোনামসহ প্রতিটি লেনদেনের প্রয়োগের সঠিকতা বিবেচনা করে দক্ষতা যাচাই এবং মন্তব্য প্রদান। |